

## বিভীষণের প্রতি মেঘনাদ মাইকেল মধুসূদন দত্ত

২১২. মাইকেল মধুসূদন দত্ত প্রবর্তিত ছন্দের নাম কী?

(জ্ঞান) [ঠাকুরগাঁও সরকারি কলেজ; চুয়াডাঙ্গা সরকারি কলেজ]

- ক) অক্ষরবৃত্ত                      খ) মাত্রাবৃত্ত  
গ) স্বরবৃত্ত                        ঘ) অমিত্রাক্ষর                      ঘ

২১৩. মেঘনাদ লক্ষ্মণকে 'দুর্বল মানব' বলেছেন কেন?

(অনুধাবন)

- ক) অবয়বে বীরোচিত নয় বলে  
খ) মানবিক দুর্বলতা আছে বলে  
গ) নিরস্ত্রকে আক্রমণ করতে এসেছে বলে  
ঘ) শারীরিকভাবে খর্বকায় বলে                      গ

২১৪. বৃন্দ রইস উদ্দিন নাতি-নাতিদের রাম-রাবণের লড়াইয়ের কাহিনি শোনায়। তোমার পাঠ্য বইয়ের কোন কবিতাটি উক্ত কাহিনি নিয়ে রচিত?

(প্রয়োগ)

- ক) তাহারেই পড়ে মনে  
খ) লোক-লোকান্তর  
গ) নূরলদীনের কথা মনে পড়ে যায়  
ঘ) বিভীষণের প্রতি মেঘনাদ                      ঘ

২১৫. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'তাত' বলে

কাকে বোঝানো হয়েছে? (জ্ঞান) [যশোর সরকারি মহিলা কলেজ]

- ক) রাবণকে                        খ) বাসবকে  
গ) কুম্ভকর্ণকে                      ঘ) বিভীষণকে                      ঘ

২১৬. বাসববিজয়ী কে? (জ্ঞান) [রাজবাড়ি সরকারি কলেজ; সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা]

- ক) রাবণ                              খ) লক্ষ্মণ  
গ) মেঘনাদ                        ঘ) বিভীষণ                      গ

২১৭. 'নাহি শিশু লঙ্কাপুরে, শুনে না হাসিবে এ কথা!'-

কোন কথা? (অনুধাবন) [বিএএফ শাহীন কলেজ কুমিল্লা, ঢাকা]

- ক) বিভীষণের কপটতার কথা  
খ) লক্ষ্মণের যজ্ঞাগারে প্রবেশের কথা  
গ) বিভীষণের লক্ষ্মণকে সহায়তা করার কথা  
ঘ) নিরস্ত্র মেঘনাদের কাছে লক্ষ্মণের যুদ্ধ প্রার্থনা                      ঘ

২১৮. 'বিধু' শব্দের অর্থ কী? (জ্ঞান)

- ক) সূর্য                                খ) চাঁদ

গ) বৃক্ষ                                ঘ) হস্ত                                খ

২১৯. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যংশে

'শৈবালদলের ধাম' বলতে কী বোঝানো হয়েছে?  
(অনুধাবন) [ফেনী গার্লস ক্যাডেট কলেজ]

- ক) শৈবালের স্রোত                      খ) শৈবালের স্তূপ  
গ) বড় হ্রদ                              ঘ) বন্দু জলাশয়                      ঘ

২২০. 'জীমূতেন্দ্র' বলতে কী বোঝায়? (জ্ঞান) [আব্দুল হাই সিটি কলেজ, নড়াইল]

- ক) ময়ূরের পুচ্ছ                      খ) মেঘনাদের হুঙ্কার  
গ) হাতির গর্জন                        ঘ) মেঘের ডাক                      ঘ

২২১. মধুসূদন দত্তের লেখনীতে রাম-লক্ষ্মণ কী হিসেবে

উপস্থাপিত হয়েছে? (জ্ঞান)

- ক) হীনরূপে                              খ) মানবীয় রূপে  
গ) সহনশীল রূপে                      ঘ) রণকৌশলী রূপে                      ক

২২২. 'মেঘনাদবধ' কাব্যটি সর্বমোট কয়টি সর্গে

বিন্যস্ত? (জ্ঞান) [বেপলা পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম; সরকারি বিজ্ঞান কলেজ, ঢাকা]

- ক) ৭টি                                      খ) ৮টি  
গ) ৯টি                                      ঘ) ১০টি                              গ

নিচের উদ্দীপকটি পড়ে ২২৩ ও ২২৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:

আত্মীয়তার সম্পর্কে কংস কৃষ্ণের মামা হলেও জন্মের পরপরই কংস কৃষ্ণকে হত্যা করতে উদ্যত হয়। কারণ সে জানতে পেরেছিল, একসময় কৃষ্ণ তার অপকর্মের পথে বাধা হয়ে দাঁড়াবে।

২২৩. উদ্দীপকের কংসের কৃষ্ণ-নিধন চেষ্টার পেছনে

ছিল আত্মরক্ষার ভাবনা। 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় স্বজনের প্রতি বৈরী আচরণে কোন বিষয়টি যুক্তি হিসেবে দাঁড় করিয়েছিলেন?  
(প্রয়োগ)

- ক) স্বার্থরক্ষা                              খ) ধর্মরক্ষা  
গ) বংশরক্ষা                              ঘ) কুলরক্ষা                              খ

২২৪. উদ্দীপকের কংসকে কেন্দ্র করে একটি প্রচলিত

বাগধারা হচ্ছে 'কংস মামা'। 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার প্রতিফলনে অনুরূপ কোন প্রবাদটি প্রচলিত?  
(প্রয়োগ)

- ক) রাবণের চিতা                              খ) ঘরের শত্রু বিভীষণ  
গ) কুম্ভকর্ণের ঘুম                              ঘ) লঙ্কাকাণ্ড                              খ